নেপালে ভূমিধসে মৃত্যু ১৪, নিখোঁজ ১০

নেপালের পশ্চিমাঞ্চলে ভারি বৃষ্টিপাতের ফলে সৃষ্ট ভূমিধসে কমপক্ষে ১৪ জনের প্রাণহানি হয়েছে। এঘটনায় আরও ১০ জন নিখোঁজ রয়েছেন বলে জানিয়েছেন উদ্ধারকর্মীরা। শনিবার (১৭ সেপ্টেম্বর) এক প্রতিবেদনে এতথ্য জানিয়েছে বার্তা সংস্থা রয়টার্স।

প্রতিবেদনে বলা হয়, প্রবল বৃষ্টিপাতের কারণে নেপালের রাজধানী কাঠমান্ডু থেকে প্রায় সাড়ে ৪০০ কিলোমিটার পশ্চিমে আচ্ছাম জেলায় ভূমিধস হয়।

পুলিশের মুখপাত্র দান বাহাদুর কার্কি জানিয়েছেন, ভূমিধসে ৫টি ঘর মাটিচাপা পড়েছে, উদ্ধারকর্মীরা কর্দমাক্ত জঞ্জাল সরিয়ে আহতদের উদ্ধার করেছেন। তাদের দ্রুততার সঙ্গে কাছাকাছি একটি হাসপাতালে পাঠানো হয়েছে। নিখোঁজ ১০ জন জঞ্জালের নিচে আটকা পড়েছেন বলে ধারণা করা হচ্ছে।

বাহাদুর কার্কি আরও বলেন, ১০ জন নিখোঁজ হয়েছেন। তাদের সন্ধানে উদ্ধারকর্মীরা তল্লাশি চালাচ্ছেন।

এদিকে চীনের বার্তা সংস্থা সিনহুয়া প্রতিবেদনে বলছে, ভূমিধসের ঘটনায় ১৭ জনের প্রাণহানি হয়েছে। দুযোর্গের কবলে পড়ে এখনো আরও ৬ জন নিখোঁজ রয়েছেন। তাদের উদ্ধারে চেষ্টা চালাচ্ছেন উদ্ধারকর্মীরা।

জুন থেকে সেপ্টেম্বর, বর্ষা মৌসুমে ভারি বৃষ্টির কারণে নেপালে বন্যা ও ভূমিধসের ঘটনা ঘটে। দেশটির পরিসংখ্যান অনুযায়ী, চলতি বছরে এ পর্যন্ত ভারি বৃষ্টির কারণে বন্যা ও ভূমিধসে ৪৮ জনের প্রাণহানি হয়েছে। নিখোঁজ হয়েছেন আরও ১২ জন।

মেহেরপুরে অনলাইন জুয়ার দূর্গে হানা

গা ঢাকা দিয়েছে এজেন্টরা, কৌশলে অন্যত্র থেকে চালানো হচ্ছে লেনদেন, সর্বস্ব হারাচ্ছেন জুয়া খেলোয়াড়রা

মেহেরপুর জেলা থেকে দুই শতাধিক এজেন্ট অনলাইন জুয়া সাইটের মাধ্যমে রাশিয়াসহ দেশের বিভিন্ন স্থানে পাচার করছেন প্রায় ৪০০ কোটি টাকা। আর এই অনলাইন জুয়ার সাথে জড়িত মেহেরপুরের সরকার দলীয় কয়েকজন শীর্ষস্থানীয় রাজনৈতিক নেতা, মুজিবনগরের একজন প্রভাবশালী ইউপি চেয়ারম্যান, সরকার সমর্থিত ছাত্র সংগঠনের কয়েকজন শীর্ষ নেতা, প্রশাসনের দু একজন কর্মকর্তা, স্কুল ও কলেজের কয়েকজন শিক্ষক, ব্যবসায়ী ও বিভিন্ন শ্রেনীর প্রায় দুই শতাধিক ব্যক্তি।

কয়েকজন পুলিশ কর্মকর্তা, কিছু রাজনৈতিক নেতা এবং কয়েকজন সাংবাদিক নিয়মিত মাসোহারা নেন অনলাইন জুয়াড় সাথে জড়িত এজেন্টদের সাথে। তাদের মাসোহারা দিয়ে দেদারছে জুয়া খেলে কোটি বনে যাচ্ছেন এসব এজেন্টরা। আর পথে বসছেন হাজার হাজার তরুণসহ জুয়া খেলার জড়িত ব্যক্তিরা। মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানীতে এসব তথ্য পাওয়া গেছে। সামাজিক মর্যাদার কারণে ক্ষতিগ্রস্থদের নাম পরিচয় দেওয়া হলো না।

অনুসন্ধানে জানা গেছে, সঠিক নজরদারি না থাকায় অনলাইন প্ল্যাটফর্ম ব্যবহার করে প্রতিদিনই কোটি টাকা পাচার হচ্ছে দেশের বাহিরে। এতে রাষ্ট্রের অর্থনৈতিক ক্ষতির পাশাপাশি বিপথে যাচ্ছেন তরুণ ও যুবকরা। গত এক মাসে শুধুমাত্র একটি সিম (এজেন্ট) থেকে লেনদেন হয়েছে এক কোটি ৪৩ লাখ টাকা। সম্প্রতি জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন সেল যৌথভাবে অভিযান চালিয়ে ইতোমধ্যে মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামের বাদল হালদারের ছেলে নিমাই হালদার ও গোপালপুর দক্ষিণপাড়া এলাকার খলিলুর রহমানের ছেলে বদরুদ্দোজা ওরফে রয়েল (৩৬) ডিবি পুলিশের হাতে ধরা পড়লে তাদের কাছ থেকে এমন তথ্য জানতে পারে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ও সাইবার ক্রাইম ইনভেস্টেগেশন সেল।

মেহেরপুর জেলার বিভিন্ন স্থানে অনলাইন জুয়া নিয়ে অনুসন্ধান এবং কয়েকটি গোয়েন্দা সংস্থার রিপোর্টে অনলাইন জুয়া নিয়ে উঠে এসেছে

নানা তথ্য। সম্প্রতি সাইবার ক্রাইম বিভাগ একটি মামলা করেছেন।

মামলার এজাহারে জানা গেছে, বদরুদ্দোজা ওরফে রয়েলকে জিজ্ঞাসাবাদে সাইবার ক্রাইমকে জানিয়েছে, মেহেরপুর জেলাসহ বাংলাদেশে অনলাইন জুয়ার (ওয়ানএক্সবেট) এর মাষ্টার এজেন্ট কোমরপুর গ্রামের কোমরপুর গ্রামের সোনা গাইনের ছেলে মাহফুজুর রহমান ওরফে নবাব। এছাড়া এই সাইটের নবাবের নেতৃত্বে রয়েছে অনলাইন জুয়ার সাথে রয়েছে আরো ১৫ জন সাব এজেন্ট। যাদের নামে মামলাও হয়েছে। তারা হলেন, গোপালপুর গ্রামের আমিরুল ইসলামের ছেলে শিশির বিশ্বাস, বিল্লাল গড়াইয়ের ছেলে দিপু, কোমরপুর গ্রামের বিলু সর্দারের ছেলে শামীম, একই গ্রামের আনারুল মিয়ার ছেলে রুবেল, টঙ্গীর শরিফের ছেলে পলাশ, মুজিবনগরের শিবপুরের মৃত শাহাজুলের ছেলে বিজয়, একই গ্রামের জিনারুলের ছেলে লিপু গাজী, মোনাখালী গ্রামের আজহারুলের ছেলে মিলন, সাইদুর রহমান খোকনের ছেলে সাগর, কোমরপুর গ্রামের বাশার বিশ্বাসের ছেলে সজীব, ভাটপাড়া গ্রামের মৃত সিরাজ মণ্ডলের ছেলে বাবু, মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ার বখতিয়ার মাস্টারের ছেলে রুবেল, গাংনীর গাড়াডোব গ্রামের মৃত কিয়াম উদ্দিনের ছেলে আনোয়ার।

মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ ও সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল একের পর এক অনলাইন জুঁয়ার দূর্গে হানা দেওয়া শুরু করেছেন।

মুজিবনগর উপজেলার কোমরপুর গ্রামে অভিযান চালিয়ে ইতোমধ্যে দুই জুয়াড়িকে আটক করে জেল হাজতে প্রেরণ করেছেন। বাকিদের আটক অভিযান অব্যাহত রয়েছে। এদিকে ডিবির অভিযানে ওই দুই জুয়াড়ি গ্রেফতারের পর বাকিরা এলাকা থেকে গাঁ ঢাকা দিয়েছে বলে জানান ডিবি পুলিশের একটি সুত্র।

গোয়েন্দা সংসস্থার মতে, মেহেরপুর জেলাতে কোনোভাবেই লাগাম টানা যাচ্ছেনা অনলাইন জুয়ার। রাতারাতিই কোটিপতি বনে যাচ্ছেন অনেকে। জুয়াড়িরা বিভিন্ন অ্যাপস ও সাইট ব্যবহার করে অনলাইনে বিভিন্ন গেমিং বেটিং বা বাজি খেলার সাইটে জুয়ায় মেতে উঠেছে।

বিট কয়েন বা ডিজিটাল মুদ্রার (ক্রিপ্টোকারেনসি) মাধ্যমে অনলাইনে জুয়া খেলা হয়। অবৈধ পন্থায় ডিজিটাল মুদ্রা কেনাবেচার লেনদেনে দুই বছরে বছরে প্রায় ১০ থেকে ১২ হাজার কোটি টাকা পাচার হয়েছে বলে অনুমান করছে সরকারের গোয়েন্দা সংস্থাগুলো।

ইউএসডিটি ব্যালান্স যুক্ত হয়ে যায়। এ টাকা অথবা ব্যালান্স দিয়ে তিনি পরবর্তীতে জুয়া খেলতে পারেন। প্রতিটি এজেন্ট আগে ৬শতাংশ কমিশন পেতেন। এখন চ্যালেঞ্জিং হয়ে যাওয়ায় এজেন্ট ধরে রাখতে তারা ৯ শতাংশ কমিশন পায়।
মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের (ডিবি) ওসি সাইফুল ইসলাম বলেন, অনলাইন জুয়ার সাথে জড়িত দুই এজেন্টকে আটক করা হয়েছে। জড়িতদের আটকে অভিযান চলছে। অভিযানের পর থেকে এজেন্টরা গা ঢাকা দিয়েছেন।

এছাড়া মেহেরপুর প্রতিদিনের অনুসন্ধানেও উঠে এসেছে মেহেরপুর শহর, মুজিবনগরের কোমরপুর, গাংনী শহর, তেরাইল, সদরের সাহেবপুর, ইসলামপুরসহ বেশ কয়েকিট এলাকার দুই ডজন অনলাইন এজেন্টের তথ্য। পরবর্তি পর্বে থাকবে সে অনুসন্ধানের বিস্তারিত।

আনুষ্ঠানিকভাবে রাজা হলেন চার্লস

ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যুতে আনুষ্ঠানিকভাবে তার জ্যেষ্ঠ সন্তান তৃতীয় চার্লসকে রাজা ঘোষণা করা হয়েছে।

শনিবার যুক্তরাজ্যের রাজধানী লন্ডনের সেন্ট জেমসেস প্রসাদে বিস্তৃত এক অনুষ্ঠানের মাধ্যমে প্রিন্স চার্লস ফিলিপ আর্থার জর্জকে ব্রিটেনের রাজা তৃতীয় চার্লস হিসেবে ঘোষণা করা হয়।

স্থানীয় সময় সকালে সেন্ট জেমসেস প্রসাদে অ্যাকসেশন কাউন্সিল নামে একটি আনুষ্ঠানিক পরিষদের সামনে রাজা হিসেবে তৃতীয় চার্লসের অভিষেক হয়।

এই অ্যাকসেশন কাউন্সিল ব্রিটিশ রাজপরিবারের সদস্য, দেশটির প্রধানমন্ত্রী ও অন্যান্য জ্যেষ্ঠ রাজনীতিবিদগণ এবং ক্যান্টারবুরির আর্চবিশপকে নিয়ে গঠিত। সেন্ট জেমসেস প্রসাদ ঘোষিত সার্বভৌম রাজার সরকারি বাসভবন।

তৃতীয় চার্লসকে রাজা ঘোষণার আগে ব্রিটিশ পার্লামেন্টের

নিম্নকক্ষ হাউস অব কমন্সের নেতা পেনি মর্ডান্ট রানি দ্বিতীয় এলিজাবেথের মৃত্যু ঘোষণা করেন।

বিবিসি জানিয়েছে, তৃতীয় চার্লসকে রাজা ঘোষণার পর ঘোষণায় স্বাক্ষর করা শুরু হয়। প্রিন্স উইলিয়াম ঘোষণায় স্বাক্ষর করেন আর ব্রিটিশ প্রধানমন্ত্রী লিজ ট্রাস এবং আর্চবিশপ জাস্টিন ওয়েলবি তা প্রত্যক্ষ করেন।

সাবেক ব্রিটিশ প্রধানমন্ত্রী গর্ডন ব্রাউন, ডেভিড ক্যামেরন, বরিস জনসন এবং টেরিজা মে-কে স্বাক্ষর করার জন্য অপেক্ষমানদের লাইনে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে।

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, এই অনুষ্ঠানের সাক্ষী হতে ইতোমধ্যে আশপাশে জড়ো হয়েছেন বহু মানুষ। প্রাসাদের বাইরের গেটের দিকে ভিড় লক্ষ্য করা গেছে। উপস্থিতরা বলছেন, তারা রাজা তৃতীয় চালর্সের আনুষ্ঠানিক শপথ গ্রহণকে কেন্দ্র করেই জড়ো হয়েছেন।

বৃহস্পতিবার ৯৬ বছর বয়সে মারা যান রানি দ্বিতীয় এলিজাবেথ। তার মৃত্যুর পর পরই স্বয়ংক্রিয়ভাবে ব্রিটেনের রাজা হন প্রিন্স চার্লস। তবে রীতি অনুযায়ী আনুষ্ঠানিকভাবে আজ তার নাম ঘোষণা করা হল।

রানি দ্বিতীয় এলিজাবেথ মারা গেছেন

ব্রিটেনের রানি দ্বিতীয় এলিজাবেথ মারা গেছেন। লন্ডনের স্থানীয় সময় বৃহস্পতিবার সন্ধ্যার পর বাকিংহাম প্যালেস তাঁর মৃত্যুর খবর নিশ্চিত করেছে।

বাকিংহাম প্যালেস জানিয়েছে, বালমোরাল ক্যাসেলে বৃহস্পতিবার (০৮ সেপ্টেম্বর) বিকেলে শান্তিতে মৃত্যুবরণ করেছেন রানি। স্কটল্যান্ড থেকে তার মরদেহ শুক্রবার লন্ডনে আনা হবে।

বেশ কিছু দিন ধরে শারীরিক জটিলতায় ভুগছিলেন রানি দ্বিতীয়

এলিজাবেথ। ভালোভাবে হাঁটাচলাও করতে পারছিলেন না। স্কটল্যান্ডের বালমোরাল ক্যাসলে অবস্থান করছিলেন তিনি। বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার পর বাকিংহাম প্যালেস এক বিবৃতিতে রানির অসুস্থতার কথা জানায়।

রানির অসুস্থতার খবর পেয়ে বালমোরাল প্যালেসে ছুটে যান তাঁর চার ছেলেমেয়ে— যুবরাজ চার্লস (৭৩), রাজকুমারী অ্যান (৭২), যুবরাজ অ্যান্ড্রিউ (৬২), যুবরাজ এডওয়ার্ড (৫৮) এবং চার্লসের বড় ছেলে যুবরাজ উইলিয়াম। সুদূর আমেরিকা থেকে ছুটে যান উইলিয়ামের ভাই হ্যারি এবং তাঁর স্ত্রী মেগান।

মঙ্গলবারই ব্রিটেনের প্রধানমন্ত্রী পদে লিজ ট্রাসকে নিয়োগ করেছিলেন রানি এলিজাবেথ। প্রথা ভেঙে বাকিংহামের পরিবর্তে বালমোরাল প্রাসাদে বসেই নতুন প্রধানমন্ত্রীকে ট্রাসকে অভিনন্দন জানিয়েছিলেন রানি এলিজাবেথ।

সবচেয়ে বেশি সময় (৭০ বছর) ধরে স্বীয় পদে থাকা এলিজাবেথ রাজ সিংহাসনে বসেন ১৯৫২ সালে। রানির মৃত্যতে তাঁর বড় ছেলে প্রিন্স চার্লস (সাবেক প্রিন্স অব ওয়েলস) ব্রিটেনের নতুন রাজার মুকুট মাথায় পরবেন।

১৯২৬ সালের ২১ এপ্রিল রানি দ্বিতীয় এলিজাবেথ লন্ডনের মেফেয়ারে জন্মগ্রহণ করেন। তাঁর সময়কালে ব্রিটেনের ১৫ জন প্রধানমন্ত্রীকে নিয়োগ দেন রানি, যাদের মধ্যে উইনস্টন চার্চিলও ছিলেন।

জাতীয় ভলিবল দলের সর্ব কনিষ্ট খেলোয়াড় মেহেরপুরের পারভেজ

বাংলাদেশ জাতীয় ভলিবল দলের সর্ব কনিষ্ট খেলোয়াড় গাংনীর পারভেজ আহমেদ। গতকাল (২১ আগষ্ট) এশিয়ান পুরুষ অনূর্ধ্ব-২০ ভলিবল চ্যাম্পিয়নশিপে অংশ নিতে বাহরাইনের মানামার উদ্দেশ্যে দেশ ছেড়েছে বাংলাদেশ জাতীয় ভলিবল দল। এই দলেই খেলবে গাংনীর কৃতি খেলোয়াড় পারভেজ আহম্মেদ।

আজ ২২ অক্টোবর উদ্বোধনী দিনে ইরাকের বিপক্ষে খেলবে এই দলটি। এছাড়া আগামী ২৪শে আগস্ট অস্ট্রেলিয়ার সঙ্গে খেলবে বাংলাদেশ।

অধিনায়ক তানভীর হোসেন বলেন, ‘আমাদের গ্রুপে থাকা শক্তিশালী ইরাক ও অস্ট্রেলিয়ার বিপক্ষে লড়াই করতে চাই। এই দুই দলের সঙ্গে একটি ম্যাচ জিততে পারলেই পরের পর্ব নিশ্চিত হবে। এই টুর্নামেন্টে ৬ গ্রুপে ১৮টি দল অংশ নিচ্ছে।

বাংলাদেশ জাতীয় ভলিবল দলের ইরানী কোচ আলীপোর আরোজির অধীনে অন্যান্য খেলোয়াড়ের সাথে এক মাস অনুশীলন করেছেন পারভেজ আহম্মেদ। উদীয়মান এই তারকা পারভেজ আহম্মেদকে নিয়ে এখন উচ্ছাসিত গাংনীর ক্রীড়াঙ্গণ।

গাংনী উপজেলা ভলিবল দলের অবৈতনিক কোচ জাতীয় ভলিবল ফেডারেশনের অন্যতম সদস্য আতর আলী এবং বাংলাদেশ আর্মি ভলিবল দলের সাবেক অধিনায়ক, বাংলাদেশ জাতীয় দলের সাবেক অধিনায়ক মো: আফজাল হোসেন বলেন এটা গাংনীবাসির জন্য একটি গর্বের বিষয়। তারা বলেন, পারভেজ আহমেদ গাংনী উপজেলা ভলিবল দলের একজন নিয়মিত খেলোয়াড়। জাতীয় ভলিবলে সুযোগ পেয়ে গাংনীকে আবারো আন্তর্জাতিক পর্যায়ে নিয়ে গেলো।

পারভেজ আহম্মেদ গাংনী উপজেলা শহরের সিনেমা হলপাড়া এলাকার সোহরাব হোসেনের ছেলে। ২০২২ সালে অনুষ্ঠিতব্য এসএসসি পরীক্ষায় গাংনী প্রি-ক্যাডেট হাইস্কুল থেকে অংশ গ্রহণ করবে সে।

ইউক্রেনের দক্ষিণ দিকে দোনবাসে চলছে রাশিয়ার হামলা

রাশিয়া ইউক্রেনের দক্ষিণ দিকে বিশেষ করে খেরসনে সেনা জড়ো করা অব্যহত রেখেছে৷ সঙ্গে দোনেৎস্কে ইউক্রেনের সামরিক স্থাপনার ওপর আক্রমণ চালিয়ে যাচ্ছে৷

মঙ্গলবার রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিয়ে নিজেদের প্রকাশিত সর্বশেষ

আপডেটে এমন তথ্য জানিয়েছে যুক্তরাজ্যের প্রতিরক্ষা মন্ত্রণালয়৷

তবে রুশ সেনারা দোনবাসে খুব বেশি সফলতা পাচ্ছে না বলে জানিয়েছেন ব্রিটিশ গোয়েন্দারা৷

তারা তাদের দেওয়া তথ্যে জানিয়েছে, দোনবাসের বাখমুতেই সবচেয়ে সাফল্য পেয়েছে রুশ সেনারা৷ কিন্তু শেষ ৩০ দিনে বাখমুতে মাত্র ১০ কিলোমিটার এগুতে পেরেছে তারা।

ব্রিটিশ প্রতিরক্ষা মন্ত্রণালয় তাদের গোয়েন্দা তথ্যে আরও বলেছে, দোনবাসের অন্যন্য অঞ্চলে যেখানে রুশ সেনারা ইউক্রেনের প্রতিরোধ ভেঙে ঢুকে পড়ার চেষ্টা করছে, সেসব স্থানে গত ৩০ দিনে তিন কিলোমিটার পথও এগুতে পারেনি তারা। এটা প্রায় নিশ্চিত যে পরিকল্পনা অনুযায়ী এ অঞ্চলে রুশ সেনারা সফলতা পাচ্ছে না।

সূত্র: আল জাজিরা

ম্যাকগাইভার’ তারকা ক্লু গুলাগার মারা গেছেন

বিশ্বজুড়ে আলোচিত টিভি সিরিজ ‘ম্যাকগাইভার’ তারকা ক্লু গুলাগার মারা গেছেন। (০৫ আগস্ট) ক্যালিফোর্নিয়ায় মৃত্যুবরণ করেন এই অভিনেতা।

বার্ধক্যজনিত কারণেই গুলাগারের মৃত্যু হয়েছে বলে জানিয়েছে তার পরিবার। মৃত্যুকালে এই অভিনেতার বয়স হয়েছিল ৯৩ বছর। ক্লু গুলাগারের মৃত্যুর খবরটি সামাজিক মাধ্যমে প্রকাশ করেছেন তার জামাতা দিয়ানে গোল্ডনার।

প্রায় সাত দশকের দীর্ঘ ক্যারিয়ারে ১৬৫টি টিভি সিরিজ ও সিনেমায় অভিনয় করেছেন গুলাগার। ‘ম্যাকগাইভার’- তীর চরিত্রের নাম ছিল ‘ওয়াল্ট কিরবি’। এছাড়াও তিনি ‘দ্য ভার্জিনিয়ান’ ও ‘দ্য রিটার্ন অব লিভিং ডেড’সহ বেশ কয়েকটি সিরিজ ও চলচ্চিত্রে অভিনয়ের জন্য আলোচিত ছিলেন।

বাংলাদেশ টেলিভিশনে ‘ম্যাকগাইভার’ দুইবার প্রচারের সুবাদে এ দেশের দর্শকের কাছেও আলাদা পরিচিতি পেয়েছিলেন গুলাগার।

পঞ্চাশের দশকে অভিনয় শুরু করেছিলেন গুলাগার। তাকে সবশেষ ২০১৯ সালে মুক্তিপ্রাপ্ত কোয়েন্টিন টারান্টিনোর ‘ওয়ানস আপন আ টাইম’ সিনেমায় দেখা গেছে গুলাগারকে।

চীনের হুমকির মুখে এবার সতর্কতা বাড়াল তাইওয়ান

তাইওয়ানের সেনাবাহিনী নিজেদের সতর্কতার মাত্রা বাড়িয়েছে এবং কর্তৃপক্ষ স্বশাসিত দ্বীপটির চারপাশের নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিতে পরিকল্পনা করছে বলে জানিয়েছে তাইওয়ানের মন্ত্রিসভা।

বুধবার মার্কিন প্রতিনিধি পরিষদের স্পিকার ন্যান্সি পেলোসির তাইপে সফরের প্রতিক্রিয়ায় তাইওয়ানে একের পর এক চীনের সামরিক মহড়ার ঘোষণা আসার পর এ পদক্ষেপ নিয়েছে তারা। খবর রয়টার্সের।

তাইওয়ানের মন্ত্রিসভা আরও বলেছে, একটি জাতীয় স্থিতিশীলতা তহবিল স্টক মার্কেটের পরিস্থিতির ওপর কড়া নজর রাখছে এবং দরপতন হলে হস্তক্ষেপ করবে, তাই নাগরিকদের উদ্বিগ্ন হওয়ার কারণ নেই।

চীনের হুশিয়ারি অগ্রাহ্য করে মঙ্গলবার রাতে তাইওয়ানে পা রাখেন যুক্তরাষ্ট্রের প্রতিনিধি পরিষদের স্পিকার পেলোসি।

২৫ বছরের মধ্যে মার্কিন কংগ্রেসের প্রতিনিধি পরিষদের কোনো স্পিকার এই প্রথম তাইওয়ানে গেলেন, যে দ্বীপটিতে চীন নিজেদের অংশ বলেই দাবি করে।

পেলোসি এশিয়ার সফরে তাইওয়ানে যাবেন, এমন খবর ফাঁস হওয়ার সঙ্গে সঙ্গে বেইজিং হুশিয়ার করেছিল— ওয়াশিংটন ‘আগুন নিয়ে খেলছে’।

কিন্তু তা উপেক্ষা করে পেলোসি তাইপেতে নামলেন। কড়া নিরাপত্তার মধ্যে পেলোসিকে যখন হোটেলে নিয়ে যাওয়া হচ্ছিল, তখন হোটেলের

বাইরে চীনের পক্ষে বিক্ষোভ চলছিল বলে বিবিসি জানিয়েছে।

পেলোসি তাইপেতে নামামাত্রই চীনের রাষ্ট্রায়ত্ত সংবাদ সংস্থার খবরে বলা হয়, তাদের ফাইটার জেটগুলো তাইওয়ান প্রণালির ওপর মহড়া দিয়েছে।

এর পর পরই দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র হুয়া চুনইং টুইট করে বলেন, আত্মরক্ষার জন্য এগিয়ে যেতে চীনকে বাধ্য করা হচ্ছে।

পেলোসির সফরের প্রতিক্রিয়ায় চীনের নেওয়া যে কোনো পদক্ষেপ এখন যৌক্তিকতা পাবে বলেও মন্তব্য করেন তিনি। চীনের সামরিক বাহিনী তাইওয়ানসংলগ্ন উপকূলে সমরসজ্জা বাড়িয়েছে বলেও খবর এসেছে।

তাইওয়ানের প্রতিরক্ষা দপ্তরের উদ্ধৃতি দিয়ে সিএনএন জানিয়েছে, মঙ্গলবার ২১টি চীনা যুদ্ধবিমান তাইওয়ানের আকাশসীমায় ঢুকে পড়ে।

চীনের পিপলস লিবারেশন আর্মির ইস্টার্ন থিয়েটার কমান্ডের পক্ষ থেকে বলা হয়, তারা মঙ্গলবার রাত থেকেই তাইওয়ানের কাছে সর্বাত্মক সামরিক মহড়া পরিচালনা করবে। একই সঙ্গে তারা তাইওয়ানের পূর্বাঞ্চলীয় সমুদ্রে প্রচলিত ক্ষেপণাস্ত্রের পরীক্ষাও চালাবে।

তাইওয়ানের উত্তর, দক্ষিণ-পশ্চিম এবং উত্তর-পূর্বাঞ্চলে যৌথভাবে আকাশ ও সমুদ্রে চীনের ওই মহড়া চলবে। তাইওয়ান প্রণালিতে দীর্ঘ পাল্লার ‘লাইভ ফায়ারিং’ করা হবে।

মার্কিন ড্রোন হামলায় আল-জাওয়াহিরি নিহত

আফগানিস্তানের রাজধানী কাবুলে মার্কিন ড্রোন হামলায় আল কায়েদার শীর্ষ নেতা আয়মান আল-জাওয়াহিরি নিহত হয়েছেন। গত রবিবার ড্রোনের মাধ্যমে ওই হামলা চালায় যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা সিআইএ।

সোমবার (১ আগস্ট) মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন টেলিভিশনে

দেওয়া এক বক্তব্যে জাওয়াহিরির মৃত্যুর খবর নিশ্চিত করেন।

তিনি বলেন, মার্কিন নাগরিকদের ওপর হত্যাকাণ্ড ও সহিংসতা চালিয়েছিলেন জাওয়াহিরি। এই সন্ত্রাসী নেতার মৃত্যু হয়েছে। এর মধ্য ন্যায়বিচার প্রতিষ্ঠা হয়েছে।

পাকিস্তানে এক মার্কিন হামলায় ২০১১ সালে ওসামা বিন লাদেন নিহত হওয়ার পর জাওয়াহিরি আল কায়েদার দায়িত্ব নেন। তার আগে আল-জাওয়াহিরিকে ওসামা বিন লাদেনের ডান হাত আর আল-কায়েদার মূল চিন্তাবিদ বলে গণ্য করা হত। অনেকে মনে করেন জাওয়াহিরিই ছিলেন ১১ সেপ্টেম্বর হামলার মূল রূপকার।

এখন এক ডলারে ১০২ টাকা

দেশের খোলা বাজারে ডলারের তীব্র সংকট সৃষ্টি হয়েছে। ফলে বাজারের চাহিদা অনুযায়ী ডলার সরবরাহ করতে পারছে না মানিএক্সচেঞ্জগুলো। সে কারণেই প্রতি দিনই দর বাড়ছে। এক দিনের ব্যবধানে খোলা বাজারে মার্কিন ডলারের দাম ৪ টাকা বেড়ে ১০২ টাকা হয়েছে।

গত মঙ্গলবার রাজধানীর বিভিন্ন এলাকায় মানি এক্সচেঞ্জে প্রতি ডলার সর্বোচ্চ ১০২ টাকা পর্যন্ত বিক্রি হয়েছে। সোমবার খোলাবাজারে প্রতি ডলারের বিনিময় মূল্য ছিলো ৯৬ থেকে ৯৮ টাকা।

পুরান ঢাকার শাঁখারি বাজার এলাকার এক্সচেঞ্জ হাউজগুলো থেকে জানা গেছে, এখন ১০২ ডলার টাকায় পাওয়া গেলেও হয়তো বুধবার দাম আরও বেড়ে যাবে। কারণ, এক্সচেঞ্জ হাউজগুলো চাহিদা অনুযায়ী ডলার পাচ্ছে না। এছাড়া সামনে হজ মৌসুম আসছে, আরও দাম বাড়বে।

জানা গেছে, বেশ কিছুদিন ধরেই যুক্তরাষ্ট্রের মুদ্রা ডলারের বিপরীতে টাকার মান কমছে। সোমবার বড় দরপতন হয়। এক দিনেই আমেরিকান ডলারের বিপরীতে ৮০ পয়সা দর হারায় টাকা। দেশের ইতিহাসে এর আগে কখনই এক দিনে টাকার এত বড় দরপতন হয়নি। চাহিদা বৃদ্ধি ও সরবরাহ সংকটের কারণে এক সপ্তাহের ব্যবধানে বাংলাদেশ ব্যাংক সোমবার

মার্কিন ডলারের বিপরীতে টাকার মান আবার কমায়। প্রতি মার্কিন ডলারের বিনিময় মূল্য ৮০ পয়সা বাড়িয়ে ৮৭ টাকা ৫০ পয়সা নির্ধারণ করা হয়। গত জানুয়ারি মাসের শুরুতে ডলারের বিনিময় মূল্য ২০ পয়সা বাড়িয়ে ৮৬ টাকা করেছিল বাংলাদেশ ব্যাংক। সর্বশেষ ৯ মে ডলারের বিনিময় মূল্য ২৫ পয়সা বাড়িয়ে ৮৬ টাকা ৭০ পয়সা নির্ধারণ করা হয়।

উল্লেখ্য, চলতি ২০২১-২২ এদিকে চলতি ২০২১-২২ অর্থবছরের ১২ মে পর্যন্ত সব মিলিয়ে ৫০২ কোটি (৫.০২ বিলিয়ন) ডলার বিভিন্ন ব্যাংকের কাছে বিক্রি করেছে বাংলাদেশ ব্যাংক। ২০২০-২১ অর্থবছরে ব্যাংকগুলোর কাছ থেকে সব মিলিয়ে প্রায় ৮ বিলিয়ন (৮০০ কোটি) ডলার কেনে বাংলাদেশ ব্যাংক। ২০১৩-১৪ অর্থবছরে ৫ দশমিক ১৫ বিলিয়ন ডলার কিনেছিল কেন্দ্রীয় ব্যাংক। এর আগে, বাজার স্থিতিশীল রাখতে গত অর্থবছরে ডলার কেনায় রেকর্ড গড়েছিল বাংলাদেশ ব্যাংক।

সূত্র: বাংলা নিউজ ২৪.কম